তৃতীয় অধ্যায়

স্বাধীনতা পরবর্তীকালে গ্রুপ থিয়েটার আন্দোলন ও ত্রিতীর্থ

চলমান স্রোতের গতি পরিবর্তনের মতো বাংলা সাহিত্যেরও গতি পরিবর্তন হয়। বাংলা সাহিত্যের কবিতা, উপন্যাস, ছোট গল্পের যেমন গতি পরিবর্তনের ঐতিহাসিক মুহুর্ত আছে তেমনি রয়েছে বাংলা নাট্য সাহিত্যেরও। চার এর দশকের সূচনায় গঠিত হয়েছিল 'ফ্যাসিস্ট বিরোধী লেখক ও শিল্পী সংঘ' (১৯৪২)। উক্ত সংস্থার একটি শাখা 'ভারতীয় গণনাট্যসংঘ' (১৯৪৪)। 'গণনাট্য সংঘ' ক্রমশ রাজনৈতিক ভাবাদর্শ প্রচারকেই একমাত্র উদ্দেশ্য মনে করায় নাটকের শিল্পোৎকর্ষ বা নাটকের বহুমুখী সম্ভাবনা লুপ্ত হওয়ার উপক্রম হয়। নবনাট্য আন্দোলনের নাট্যকর্মীরা তা মানতে পারলেন না ফলে বেশ কিছু অভিনেতা ও অভিনেত্রী, নাট্যকর্মী, নাটককার গণনাট্যের প্রচার মুখী অভিনয় থেকে সরে এসে বিভিন্ন নাট্যগোষ্ঠী গড়ে তুললেন- এই নাট্যগোষ্ঠী গুলিই হল 'গ্রুপ থিয়েটার'। গ্রুপ থিয়েটার গুলি নাট্য আন্দোলনে জোয়ার আনল। যে নাটকে সামাজিক দায়িত্ব জ্ঞানের প্রকাশ ও মহত্তর জীবন গঠনের প্রয়াস আছে সেই নাটক গ্রুপ থিয়েটার জনগণের সামনে পরিবেশন করতে থাকল এই নাটক গুলি অবশ্যই শিল্প গুণান্বিত হতে থাকল। নাটকের বিষয়বস্তু, আঙ্গিক, মঞ্চসজ্জা, সঙ্গীত প্রভৃতিতে নতুনত্ব নিয়ে এসে মানুষের আচার আচরণের সঙ্গে অভিনয়কে একত্র করে দিয়েছিল। নাটকে সকল অভিনেতাই (প্রধান, টাইপ) মর্যাদা পেতে থাকল। নাট্য সংস্থার সকল সদস্যের সহমতেই নাটক পরিবেশিত হতে থাকল। 'বহুরূপী', 'ক্যালকাটা', 'নাট্যচক্র', 'লিটল থিয়েটার' প্রভৃতি সংস্থা গ্রুপ থিয়েটারের উদ্দেশ্য পালন করছিল। নবনাট্য আন্দোলনের জোয়ার বালুরঘাটে আসতে মোটেও বেশী সময় অতিবাহিত হয়নি। নবনাট্য আন্দোলনের মুখ্য উদ্দেশ্য ছিল নাট্যশিল্পের উৎকর্ষ বিধান, সেই উদ্দেশ্য পালন করেছিলেন হরিমাধব মুখোপাধ্যায় 'তরুণতীর্থ'(১৯৫২-১৯৫৩) এর মাধ্যমে। নাটক নির্বাচন, নাট্য পরিচালনা, নাট্য ভাবনার অভিনবত্ব এনেছিলেন তিনি। তাঁর এই মহৎ উদ্দেশ্যকে আরও বেশী প্রাণবন্ত করার জন্য বালুরঘাটে বেশ কিছু নাট্যামোদী ব্যক্তিকে নিয়ে গড়ে তোলেন 'ত্রিতীর্থ' (১৯৬৯) নাট্য সংস্থা। নাটককার হরিমাধব মুখোপাধ্যায়ের নাট্যভাবনা, তাঁর নাটকের বিষয় বস্তু, শৈল্পিক দিক, উপস্থাপনা প্রভৃতি বিষয়ে তাঁর সুপরিকল্পনা 'ত্রিতীর্থ'কে পশ্চিমবঙ্গের গ্রুপ থিয়েটারে স্থান করে দিয়েছে।

অবিভক্ত দিনাজপুর জেলার নাট্যচর্চার ঐতিহ্য ছিল। বিভাগোত্তর পশ্চিম দিনাজপুরে বালুরঘাট শহরে 'বালুরঘাট নাট্যমন্দির' সেই দায়িত্ব প্রথমে একাই বহন করেছে। পরে ছয়ের

দশকে 'তরুণতীর্থ' এবং 'ত্রিশূল' নাট্যসংস্থা নাটক অভিনয়ে তাদের নিষ্ঠা ও দক্ষতার প্রমাণ দেয়। ১৯৬৯ সালের মে - জুন মাস নাগাদ 'তরুণতীর্থ' ও 'ত্রিশূল' আলোচনার মাধ্যমে ঠিক করে যে বালুরঘাটে একটা সুসংহত নাট্যদল গড়ে তুলতে হবে। এই উদ্দেশ্যে তরুণতীর্থ, ত্রিশূল এবং বালুরঘাট নাট্যমন্দিরের কিছু সদস্য বালুরঘাট টাউন ক্লাব ঘরে আলোচনায় বসেন। আলোচনার ভিত্তিতেই তরুণতীর্থের সম্পাদক নির্মলেন্দু তালুকদার এবং পরিচালক হরিমাধব মুখোপাধ্যায়, ত্রিশূল নাট্যসংস্থার অবিনাশ দত্ত, সত্যরঞ্জন তালুকদার (গবা), কানাই দত্ত এবং কিছু নাট্যামোদীর প্রয়াসে প্রভাস সমাজদার ও শ্রীমতী পুষ্প সমাজদারের (উভয়ই নাট্যমন্দিরের সদস্য) বাড়িতে ১৯৬৯ সালের ২৬শে আগষ্ট সন্ধ্যে সাড়ে সাতটায় মিলিত হন। এই দিনই নতুন নাট্যসংস্থা রূপে 'ত্রিতীর্থে'র জন্ম হয়। ত্রিতীর্থের প্রতিষ্ঠাতা, পরিচালক হরিমাধব মুখোপাধ্যায়ের মুখ থেকে শোনা, ''নাট্যমন্দির ছেড়ে দিলাম। নাট্যমন্দির ছেড়ে দেওয়ার পরে তখন আমরা তরুণতীর্থের তরফ থেকে 'রজনীগন্ধা' নাটকটি করছিলাম সেটা নিয়ে একটা গোলমাল ওদের সঙ্গে হচ্ছিল, গোলমাল মানে সামান্য ভুল বোঝাবুঝি। তরপর তখন থেকে মনে হয়েছিল, যেমন ত্রিশূল একটা প্রতিষ্ঠান তারা নাটক করছে কিন্তু তারা কেউ, 'তরুণতীর্থ' বা 'নাট্যমন্দির' কোনো দলই সক্ষম নয় বড় কাজ করার মত। অত ভালো অভিনেতা নেই কোনো দলে, সবাই ছড়িয়ে ছিটিয়ে আছে। So the idea came - যদি সবাই মিলে অলার্গামেন্ট করা যায় তাহলে একটা বড় কিছু করা যায়। এই বিষয়ে একটা আলোচনা হয়। জ্যোতিরিন্দ্র চট্টোপাধ্যায়, বাঁকুদা বলতাম আমরা, ... বলল যে ঠিক আছে Convention ডাকা হোক। সে Convention টা হয়েছিল টাউন ক্লাবে প্রথম। Between এই যে একটা অংশ যারা পছন্দ করছিলেন R.S.P. এর খবরদারী তারাও নাট্যমন্দির থেকে বেড়িয়ে আসে .... তাদের মধ্যে অনেক ভালো অভিনেতা ছিলেন অনেকেই। আমরা তো বটেই, আমি এবং আমার দল, ত্রিশূলেরও অনেকে বেড়িয়ে আসে। ফলে এই তিনটির Combination করে একটা Convention হল বালুরঘাট টাউন ক্লাবে সেই Convention-এ আলোচনা হল এটা (নতুন নাট্যদল) করা যায় কিনা। সবাই মত দিল হ্যাঁ করা যায়। .... সকলে যদি নিজের অস্তিত্ব ভুলে গিয়ে আমরা ঠিক করতে পারি তাহলে Next will sit, এ বারে Second setting টা হল প্রভাস সমাজদারের বাড়িতে। .... তখন ঠিক হল যে একটা দল করা যেতে পারে এবং দলের নাম কি হবে - নানান রকম আলোচনা করে 'ত্রিতীর্থ' নাম দিয়ে ১৯৬৯ সালে প্রথম 'ত্রিতীর্থ' হল। .... নাট্যমন্দিরে একদম শেষ দিকে যখন বুঝতে পারছিলাম নাট্যমন্দিরের অনেকে আমার এ খবরদারী পছন্দ করছে না। .... এই সময় 'পুতুলখেলা' বলে যে নাটকটা ইবসেনের 'ডলস হাউস' সেটা নাট্যমন্দির আমাকে বাদ দিয়ে মানে আমাকে ডিরেক্টর না করে পার্থবাবুকে (পার্থপ্রতীম বক্সী) ডিরেক্টর ক'রে আমারই এক বন্ধু পত্নী যিনি আমার সঙ্গে 'রজনী গন্ধ্যা'য় অভিনয় করেছিলেন .... তাঁকে ওরা Request করে এবং আমাকে একটা পার্ট দেয় ওরা, আমি যায়নি। এবং কিছুদিনপর পার্থ বাবু বুঝতে পারলেন যে, ওকে (বীথি) দিয়ে হবে না এ পার্ট। তো It was stoped.......... এই বারে আমার একটা জেদ চেপে গেল কারণ বীথি নামে যে মেয়েটি আমার বন্ধু পত্নী, ওকে আমি নিজে তৈরী করেছি, ও পারবেনা বলে আমার মনে হয় না। So we started with 'Putul Khela' again to proved she can do and Parthada was wrong। এবং

আলটিমেটলি সেটা প্রুভড হল। দর্শক ভীষণ ভালো বললো।''[১] এই 'পুতুল খেলা'ই হল ত্রিতীর্থের প্রথম নাটক। 'পুতুল খেলা' " এক রাত্রি অভিনয়ের পর তিন রাত্রি বুকিং হল। একটা বৃষ্টি বৃষ্টি ভাব। পরে (নাট্যমন্দিরে) জল টল ঢুকে যাওয়ার পর আর দ্বিতীয় রাত্রি অভিনয় হল না। তাহলে আমাদের অন্য Date দিন। ঐ দিন যেহেতু করা গেল না। ভয়ঙ্কর অবস্থা তারপর আমাদের কিছুতে Date দিল না। তখন আমরা বুঝতে পারলাম যে নাট্যমন্দির আর আমাদের Date দেবে না, সহযোগিতা করবে না। Then বিশুদা মানে ড: ধীরেন ঘোষ যাঁদের জায়গা ওটা, বললেন যে, "ধুর ওগুলো বাদ দাও হে মুক্তাঙ্গন শুরু করো" - এই মুক্তাঙ্গন তৈরীর চেষ্টা শুরু হল। আমরা কয়েকজন বোধহয় অরিজিনাল ফাউন্ডার মেম্বার প্রায় ২০/ ২২ জন প্রত্যেকে বোধহয় ১৫০ টাকা করে দিয়ে, তখনকার দিনে ১৫০ টাকা প্রত্যেকে একই সঙ্গে দিতে পারল না।''[২] এই ভাবে বাঁশ তাবু জোগার করে তৈরী হল ত্রিতীর্থের কাঁচা মঞ্চ, উপরে তাবু, চার পাশে মূলি বাঁশের বেড়া।

ভাঙ্গা গড়ার খেলার মধ্য দিয়ে মানুষ নতুন কিছু পেয়ে থাকে। হরিমাধব মুখোপাধ্যায় ১৯৬৮ সালে নাট্যমন্দিরের যোগ দিয়ে ছিলেন। সেখানে তিনি বেশ কতকগুলি নাটকের ('অমৃতস্য: পুত্রা', 'মমতাময়ী হাসপাতাল', 'কেয়াকঞ্জু' প্রভৃতি) পরিচালনা করলেন কিন্তু কিছু দিনের মধ্যেই শুরু হল নাট্যমন্দিরের সঙ্গে তাঁর মতবিরোধ। মতাদর্শগত কারণে তিনি নাট্যমন্দির ত্যাগ করলেন। বিরোধ ছিল মূলত উৎকৃষ্ট শিল্পের জন্য আর্দশ শিল্পির বিরোধ। যখন তিনি কলকাতায় থাকতেন তখন তিনি প্রায় সমস্ত সংস্থার নাটক দেখতেন। তৃপ্তিমিত্র, বিজন ভট্টাচার্য, শ্যামল ঘোষ, সাবিত্রী মিত্র, ছবি বিশ্বাস, উত্তম কুমার, জহর গাঙ্গুলী, বসন্ত চৌধুরী, মলিনা দেবী, বিকাশ রায় প্রমুখের অভিনয় দেখেছেন। এঁদের অভিনয় দেখে এবং এঁদের সহচর্যে তিনি প্রচুর অভিজ্ঞতা সঞ্চয় করেছিলেন। তিনি খুব ভালোভাবে জানতেন নাটক কেমন ভাবে অভিনয় করা দরকার, যুগের প্রয়োজনে নাটকের আঙ্গিক, বিষয়বস্তু কেমন হওয়া দরকার। বালুরঘাটে পাঁচের দশক নাটক মঞ্চায়নে দর্শক চক্ষুর অন্তরালে প্রম্পটারের ভূমিকা ছিল। অভিনেতা, অভিনেত্রীদের স্বর প্রক্ষপণেও প্রম্পটারের ভূমিকা ছিল অনেক খানি। হরিমাধব মুখোপাধ্যায়ের নাট্যমন্দিরের যোগ দেওয়ার আগে ও কিছু পরে কেবল মাত্র বাংলা নাটকেরই অভিনয় হত। হরিমাধব মুখোপাধ্যায় বিদেশি নাটক (বাংলা নাট্যরূপ) অভিনয়ের সিদ্ধান্ত নেন। বিদেশি নাটক গুলি বাংলায় রূপান্তর ও অভিনয়ের মধ্যেও তো রয়েছে শিল্পের স্পর্শ। ছয়ের দশক থেকে দর্শক কুলের চাহিদার ও পরিবর্তন হয়। ঐতিহাসিক, পৌরাণিক ও নৃত্যনাটকের মধ্যে জড়িয়ে থাকার দিনও শেষ হয়। এমতাবস্থায় হরিমাধব মুখোপাধ্যায় গড়ে তোলেন 'ত্রিতীর্থ' নাট্যসংস্থা। ১৯৬৯ সালের ২৭সে সেপ্টেম্বর বালুরঘাট নাট্যমন্দিরে ইবসেনের 'ডলস্ হাউস্' অবলম্বনে শম্ভু মিত্রের 'পুতুল খেলা' ত্রিতীর্থের প্রথম প্রযোজনা।

জন্মলগ্ন থেকে কয়েক বছর ‘ত্রিতীর্থ’ পরিচালন ব্যবস্থায় কোনো সভাপতি নির্বাচন করা হয়নি। প্রথম তিন বছর ‘ত্রিতীর্থ’ পরিচালিত হত অমিতাভ সেনগুপ্ত, জ্যোতিরিন্দ্র চট্টোপাধ্যায় এবং নির্মলেন্দু তালুকদারের দ্বারা। প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন ২৪ জন। ত্রিতীর্থের নামকরণের পেছনে যে ইতিহাসটি জানা যায় - ত্রিশূলের ‘ত্রি’ তরুণতীর্থের ‘তীর্থ’ মিলে নামকরণ করা হয় ‘ত্রিতীর্থ’। ত্রিতীর্থের প্রথম নাটক বালুরঘাট নাট্যমন্দিরের মঞ্চস্থ হওয়ার কিছুদিনের মধ্যেই অস্থায়ী মঞ্চ তৈরীর কাজ শুরু হয়। বোয়ালদাড়ের অমিয় সরকার, পতিরামের নগেন্দ্র সরকার, বোল্লার দুলাল দাস, বেলতলা পার্কের বিজয় বন্দ্যোপাধ্যায়, জেলা কালেক্টরেটের অবনী চক্রবর্তী প্রমুখ ত্রিতীর্থের মঞ্চ তৈরীর জন্য ক্ষমতানুসারে সাহায্য করেন। টুলু বসু, প্রেক্ষাঘরের জন্য টিনের সন্ধ্যান দেন, শম্ভু সরকার এবং সুধীর দত্ত অস্থায়ী ছাউনীর সামিয়ানা দিয়ে ঝড় বৃষ্টির হাত থেকে বাঁচিয়েছিলেন ত্রিতীর্থকে। শিলিগুড়ির রেল কর্মচারী অনাদি (?) রেলের ঝর্ট্তি পর্ট্তি মাল দিয়ে সামান্য মূল্যে Sopt Light তৈরী করে দিয়েছিলেন। বোয়ালদাড় গ্রামের মানুষ অমিয় সরকার প্রচুর বাঁশ যোগাড় করে দিয়েছিলেন। পতিরামের স্বর্গত জমিদার গোবিন্দলাল ঘোষ মহাশয় (ড: বিশু ঘোষের দাদা) ত্রিতীর্থকে জমিদান করেন। উক্ত জমির উপর গড়ে ওঠে উঠেছে বর্তমান ত্রিতীর্থের নিজস্ব রঙ্গমঞ্চ এবং প্রেক্ষাগৃহ। গোবিন্দ ঘোষের নামানুসারে প্রেক্ষাগৃহের নাম রাখা হয় ‘গোবিন্দ অঙ্গন’ এবং গোবিন্দ বাবুর অকাল প্রয়াত পুত্র সংস্থার সুহৃদ ও অভিনেতা কল্যাণ ঘোষের নামাণুসারে মঞ্চের নামকরণ করা হয় ‘কল্যাণ মঞ্চ’। পশ্চিমবঙ্গ রাজ্য নৃত্য, নাটক, সঙ্গীত ও দৃশ্যকলা অ্যাকাডেমী অনুমোদিত ‘ত্রিতীর্থ’ নাট্য সংস্থার রেজিষ্ট্রিশন নং এস/১৪৯৯৫/১৯৭৪-১৯৭৫। স্বেচ্ছা সেবী সংস্থা ‘ক্যারিটাস’ ১৯৭১ সালের যুদ্ধের সময় প্রচুর গম সরবরাহ করত শরণার্থীদের সাহায্যের জন্য। সেই সময় ‘ক্যারিটাস’ প্রচুর চট দিয়েছিল অস্থায়ী মঞ্চ তৈরী করার জন্য। পুষ্প সমাজদার ও প্রভাস সমাজদার দায়িত্ব নিয়ে সেগুলি সেলাই করে অস্থায়ী মঞ্চের জন্য আচ্ছাদন তৈরী করেছিলেন অন্যান্যদের সাহায্যে। অস্থায়ী কাঁচা মঞ্চে শণিবার ও রবিবার ত্রিতীর্থের অভিনয় হত। দর্শকদের বসার ব্যবস্থা তখনও করা সম্ভব হয়নি। ললিত মোহন আর্দশ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীযুক্ত সুধীরচন্দ্র তলাপাত্র শণিবার বিদ্যালয় ছুটির পর ত্রিতীর্থকে বেঞ্চ দিয়ে সাহায্য করতেন। নাটক পরিচালনা করতে গিয়ে নতুন নতুন আঙ্গিকের সঙ্গে পরিচিত হওয়ার সঙ্গে সঙ্গে বহু উপকরণের প্রয়োজন হল। তার মধ্যে বিশেষ ভাবে উল্লেখ যোগ্য টেপরেকর্ডার। সুধীর দে রেকর্ড প্লেয়ার কেনার জন্য টাকা ধার দিয়েছিলেন। কিছু রেকর্ড দিয়ে সাহায্য করেছিলেন - অশোক দত্ত ও মুকুল বসু। ডা: ধীরেন ঘোষ (বিশু ডাক্তার) ‘ক্রাউন’ টেপ-রেকর্ডার কেনার টাকা দিয়েছিলেন।

এরপর পাকা মঞ্চ তৈরী হয় অনেক প্রচেষ্টার পর। ১৯৭২ সাল নাগাদ দশ হাজার টাকার বিনিময়ে শতাধিক বছরের পুরনো Rice Mill ‘North Bengal Rice Mill’ কিনে নেয় ত্রিতীর্থ। অবিনাশ দত্ত ও প্রভাস সমাজদার প্রায় সাতদিন ধরে হিলিতে থেকে হোটেলে খেয়ে, মিল ভেঙ্গে প্রয়োজনীয় জিনিস পত্র নিয়ে আসেন বালুরঘাটে। অবিনাশ দত্ত এবং প্রভাস

সমাজদার সেখানে থাকতেন অন্যেরা মাঝে মাঝে যেতেন। বালুরঘাট বালিকা বিদ্যালয়ের হেফাজাতে থাকা একটি বাড়ির অর্ধাংশ কিনে নিয়েছিল 'ত্রিতীর্থ'। বালুরঘাট কলেজের অধ্যক্ষ অতুলচন্দ্র চক্রবর্তী মহাশয় একটি আমগাছ ত্রিতীর্থকে জোগার করে দিয়েছিলেন। সেই গাছের তক্তা দিয়ে মঞ্চের প্রয়োজন মেটানো হয়েছিল। বালিয়া হেমরম, অভিরাম সূত্রধর, শিবু সূত্রধর প্রমুখ মিলে মঞ্চের কাজ শুরু করে। ত্রিতীর্থ নাট্য প্রযোজনার ক্ষেত্রে সর্বভারতীয় সুনাম অর্জন করেছে, বালুরঘাটের মানুষেরা যে সহযোগিতা করেছেন তা কিন্তু নাট্যসংস্কৃতিকেই ভালোবেসে। বালুরঘাট হাইস্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক নিশীথরঞ্জন আচার্য মহাশয় ত্রিতীর্থকে একশত টাকা দান করেছিলেন তাঁর সেই স্নেহের দান দিয়ে 'ত্রিতীর্থ' একটি স্থায়ী তহবিল তৈরী করেছিল।

১৯৬৯ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত ত্রিতীর্থ মোট ৫৮ টি নাটক প্রযোজনা করেছে। ত্রিতীর্থ বালুরঘাটের পরিচয় ছাড়িয়ে ভারতের হয়ে উঠেছে। বিভিন্ন সময়ে পুরস্কার পেয়েছে। ত্রিতীর্থ ১৯৭০ সালে লক্ষ্মৌতে সর্বভারতীয় নাটোৎসবে যোগদান করে পিনারদেল্লার নাটক অবলম্বনে নান্দীকারের বহু প্রশংসিত নাটক 'নাট্যকারের সন্ধানে ছটি চরিত্র' নিয়ে। সর্বভারতীয় নাট্যপ্রতিযোগিতায় পরিচালক হরিমাধব মুখোপাধ্যায় পেলেন শ্রেষ্ঠ পরিচালকের সম্মান, শ্রীমতি রীতা দত্তগুপ্তা পেলেন শ্রেষ্ঠা অভিনেত্রীর সম্মান। 'ভাঙ্গাপট' এবং 'তিন বিজ্ঞানী' নাটক দুটি জার্মান নাটকের রূপান্তর। ১৯৭২ সালে ম্যাক্সমুলার ভবনে আয়োজিত নাটোৎসবে ত্রিতীর্থ উক্ত দুটি নাটক নিয়ে যোগদান করে। নীহার ভট্টাচার্য কৃত রূপান্তরিত নাটক দুটি জনপ্রিয় হয়েছিল। ১৯৬৯ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত ত্রিতীর্থ চলছিল কলকাতার অনুকরণে। বহুরূপী, নান্দীকার প্রভৃতি সংস্থার নাটক গুলি ত্রিতীর্থে মঞ্চায়িত হচ্ছিল। ''এক দেড় বছরে আমরা বুঝতে পেরেছিলাম this the not way.......... বিদেশী হোক দেশী হোক এটাও তো কলকাতার অনুকরণ ছিল - অনুকরণ মানে কলকাতায় যা হচ্ছিল এখানেও তা হচ্ছিল .... এই যে কলকাতার মুখীনতা - এটা ঠিক হচ্ছে না, আমি বুঝতে পেরেছিলাম। ফলে within one year or two years আমরা started করি নিজেদের দিয়ে নাটক লেখার চেষ্টা করা।''[৩] এরপর থেকেই নির্মলেন্দু তালুকদার, শুভ্রাংশু মৈত্র এবং হরিমাধব মুখোপাধ্যায় এর নাটক অভিনয় হতে থাকে, তার সঙ্গে অন্যান্য নাটক তো রয়েছে। ১৯৭৭ সালে বিজন ভট্টাচার্যের 'দেবীগর্জন' নাটক প্রযোজনা ও পরিচালনার জন্য 'দিশারী' পুরস্কার পান হরিমাধব মুখোপাধ্যায়। ১৯৭৮ সালের ২৭শে সেপ্টেম্বরে ব্রেখট এর 'গ্যালেলিও' (নাট্যরূপ দেন নীহার ভট্টাচার্য ও সুভাষ মুখোপাধ্যায়) প্রথম বঙ্গরঙ্গ মঞ্চে ত্রিতীর্থ মঞ্চস্থ করে। 'গ্যালিলেও' প্রযোজনার মধ্য দিয়ে আবার ত্রিতীর্থ দলগত ভাবে নতুন দিকে মোড় নিল। এরপর 'জল' (১৯৮০), 'দেবাংশী' (১৯৮৩) অসম্ভব জনপ্রিয়তা অর্জন করেছিল। মহাশ্বেতা দেবীর কাহিনি

অবলম্বনে হিন্দি নাটক 'বিছন' (১৯৮৫) জনপ্রিয়তা অর্জন করেছিল। বালুরঘাটে এই প্রথম হিন্দি নাটকের অভিনয়। গঠনমূলক সমালোচনার ডাক ত্রিতীর্থই প্রথম দিয়েছিল 'পুতুল খেলা' মঞ্চায়নের পর। 'বন্দীসম্রাট' পর্যন্ত প্রতিটি নাটক মঞ্চস্থ হবার পর খোলামেলা আলোচনার জন্য ত্রিতীর্থ বালুরঘাটের বুদ্ধিজীবি এবং নাট্যপ্রেমীদের আমন্ত্রণ জানাত। তাতে অধ্যাপক কেরাণী, ছাত্র-শিক্ষক, ডাক্তার-ইঞ্জিনিয়ার, বেকার, দোকানদার, যে কোনো বয়সের নাট্যপ্রেমী আলোচনায় অংশ নিতে পারত। অন্য নাট্যসংস্থার সদস্যরাও তাঁদের মতামত জানাতেন। প্রকৃত পক্ষে এটা হত একটা নাট্যপ্রেমীদের মিলন সভা। ত্রিতীর্থের উদ্দেশ্য ছিল এই ভাবে গঠনমূলক আলোচনার সাহায্যে নিজেকে সমৃদ্ধ করা - প্রাথমিক খুঁত সারিয়ে নেওয়া কিংবা কিছু বাড়তি সংযোজন করা। কিন্তু ক্রমশ এই আলোচনা সভায় অবান্তর প্রশ্ন, অপ্রাসঙ্গিক আলোচনা, ব্যক্তিগত আক্রোশ, বুদ্ধিহীন মন্তব্য ত্রিতীর্থকে সংকুচিত করে। 'দেবীগর্জন' ও 'বন্দীসম্রাট' প্রসঙ্গে যুক্তিকে পাশকাটিয়ে আক্রমণের পথ আলোচকদের মধ্যে কেউ কেউ বেছে নিলে ত্রিতীর্থ এই সার্বজনীন সভা থেকে বিরত হয়। পরবর্তীতে 'বিছন' নিয়ে আলোচনা সভা হয়েছিল।

ত্রিতীর্থের প্রয়োগ প্রধান হরিমাধব মুখোপাধ্যায় নাটক নির্বাচনে কোনো গোঁড়ামির প্রকাশ ঘটাননি। অভিনয় যোগ্য নাটক খুঁজেছে। নাটক তৈরী করেছে, মঞ্চায়ন সম্পর্কে ভেবেছে। অভিনয় যোগ্য মনে হলেই সেই নাটকটি দর্শকোপযোগী করে মঞ্চাস্থ করাই ছিল তাঁর কাজ। এই কাজে ত্রিতীর্থ বরাবরই আন্তরিকতা, নিষ্ঠা ও নৈপুণ্যের পরিচয় দিয়েছে। ব্যক্তিগত সম্পর্কের টানা পোড়েন (পুতুল খেলা, অনিকেত) ইতিহাস মূলক (বন্দী সম্রাট, তুঘলক), বিদেশী ভাষার নাটক (বৃষ্টি বৃষ্টি, ক্ষুরস্য ধারা ইত্যাদি), অপেরাধর্মী নাটক (শিশুপাল), হাসির নাটক (বিপুলৌষধি, বিজ্ঞাপন), আঞ্চলিক ভাষার নাটক (ভাষাপট, দেবাংশী) এছাড়াও অ্যাবসার্ড ড্রামা (এবং ইন্দ্রজিৎ, মঙ্গলাচরণের বিবাহ) ইত্যাদি বিভিন্ন বিষয়ধর্মী এবং দৃষ্টি কোণের নাটক ত্রিতীর্থ সমান পারদর্শিতায় মঞ্চাস্থ করেছে।

ত্রিতীর্থের সময়জ্ঞান, টিম ওয়ার্ক, মঞ্চসজ্জা এবং অভিনয় নৈপুণ্য প্রায় প্রবাদের পর্যায়ে পৌঁছে গেছে। উচ্চারণের জড়তা, সংলাপ ভুলে যাওয়া নাট্যক্রিয়ায় অসাবধনতা কিংবা অভিনয়ে অসমতা এগুলির কখনোই দর্শকেরা আশংকা করেন না।

ত্রিতীর্থ নাট্যসংস্থা ব্যতিক্রম শুধুমাত্র নাট্যভাবনা, উপস্থাপনা এবং প্রকরণেই নয়। ব্যতিক্রম তাঁদের দল গঠনেও। ত্রিতীর্থের নাটকে যাঁরা অভিনয় করেন তাঁরা ব্যক্তিগত জীবনে কেউ অধ্যাপক, কেউ চিকিৎসক, কেউ ব্যবসায়ী, কেউ চাকুরীজীবি, কারো পেশা রিস্কাচালানো, কেউ বা পুজোর সময় ঢাক বাজায়-অন্য সময়ে যারা শুধুমাত্র কৃষক। সমস্ত বর্গের মানুষদের নিয়ে যাঁদের নাটকের পথে চলা তাঁরাই কেবল পারে 'দেবাংশী', 'জল' এর মত নাটক পরিবেশন করতে।

প্রতিষ্ঠাতা সদস্যগণ:
অবিনাশ দত্ত
অর্ধেন্দু সরকার
অমিতাভ সেন
আশিস দত্তগুপ্ত
কানাই দত্ত
কানাই মজুমদার
জ্যোতিরিন্দ্র চট্টোপাধ্যায়
জীবনকানাই মুখোপাধ্যায়
ধীরেন্দ্র নাথ ঘোষ
নির্মলেন্দু তালুকদার
নির্মল মালাকার
পুষ্প সমাজদার
প্রভাস সমাজদার
পংকজ কুমার বিশ্বাস
ব্রজবল্লভ সাহা
মানস সেন
যতীন্দ্রনাথ ভৌমিক
শান্তিরঞ্জন গুহ
সনৎ রায়চৌধুরী
সত্যরঞ্জন তালুকদার
স্বপন কুমার রায়
সুধীর চন্দ্র দে
সুনির্মল সরকার
হরিমাধব মুখোপাধ্যায়

সাধারণ সদস্য:
অজিত দে
অমল সরকার
অরুণেশ বন্দ্যোপাধ্যায়
অরুণ বাগচী
অনিরুদ্ধ চক্রবর্তী
অর্কশংকর বিশ্বাস
অশোক ভট্টাচার্য
অরূপেন্দু নন্দী
অজিতা দাস
অশ্রুকণা দেব
অনিমা বন্দ্যোপাধ্যায়
অনুরাধা চক্রবর্তী
অমৃতা সাহা
অমূল্য মালী
অমর ভট্টাচার্য
আকাশনীল চট্টোপাধ্যায়
ইন্দ্রজিৎ ভৌমিক
ইন্দ্রজিৎ কর
ইন্দ্রানী দাস
উদয় দাস
উজ্জ্বলা দাস
উজ্জ্বলা রায়
কাজল সরকার
কল্যাণ কুমার ঘোষ
কিশোর হোম চৌধুরী
কাশীনাথ ঘোষাল
কল্যাণ বন্দ্যোপাধ্যায়
কল্যাণ দাস
কাঞ্চণ মুখোপাধ্যায়
কালিকা প্রসাদ মজুমদার
কেয়া সরকার
কৃষ্ণা গোস্বামী
করবী রায়
কানু দাস
কেকা ভট্টাচার্য
কালী হালদার
কৃষ্ণেন্দু মুখোপাধ্যায়
খোকন বন্দ্যোপাধ্যায়
গৌতম সেন
গবলু

গৌতম চক্রবর্তী
গোরা (অজয়) দাস
গোপা সেন
গোবিন্দ সরকার
চন্দন ঘোষ
চন্দন দত্তগুপ্ত
চৈতন্য সরকার
চয়নিকা গুহ রায়
ছবি হালদার
জগন্নাথ দত্ত
জগন্নাথ বিশ্বাস
জয় ভট্টাচার্য
জয়শ্রী ভট্টাচার্য
জয়তী গোস্বামী
জয়তী মুখোপাধ্যায়
জয়ন্ত চট্টোপাধ্যায়
ঝুমুর ভট্টাচার্য
ডরোথি গুহনিয়োগী
তপন সরকার
তারাপ্রসাদ চক্রবর্তী
তরুণ দত্ত
তিনু বন্দ্যোপাধ্যায়
তমাল মজুমদার
তুষার দত্ত
তাপসী ভৌমিক
তনুশ্রী সাহা
তনুশ্রী সরকার
তনুকা রক্ষিত
তৃপ্তি রায়চৌধুরী
তনুজা সিং
দেবব্রত নাগ
দুর্গাশংকর সাহা
দিলীপ চৌধুরী
দিলীপ হালদার
দীপান্বিতা বন্দ্যোপাধ্যায়
দীপিকা সেন
দীপ্তি সাহা
দেবপ্রিয় সমাজদার
দেবারতি ভট্টাচার্য
দেবারতি বসু
দেবপ্রিয়া চট্টোপাধ্যায়
দীপংকর চৌধুরী
দীপঙ্কর বসাক
নগেন্দ্র নাথ সরকার
নিখিল পাল
নন্দিতা বন্দ্যোপাধ্যায়
নন্দিতা গোস্বামী
নিভা কুন্ডু
নারায়ণ মুখোপাধ্যায়
পঙ্কজ শীল
প্রণব সরকার
পুলক সেনগুপ্ত
পরেশ সমাজদার
প্রসূন দাশগুপ্ত
প্রদীপ সরকার
পিনাকী রঞ্জন তালুকদার
পিনাকী দাস
প্রণয় মহন্ত
প্রশান্ত সরকার
প্রমীলা সরকার
প্রমদা কিঙ্কর সরকার (সাধু)
পাপড়ি রায়
পাপিয়া দেব
পাপিয়া মহন্ত
পাপিয়া সরকার
প্রসেনজিৎ ভৌমিক
প্রবীর ঘোষ
ফুল রায় (কমলিকা)

বাপি সমাজদার
বেনু দত্ত
বিনয় ভূষণ পাল
বিকাশ কর্মকার
বিশ্বনাথ মহন্ত
বিশ্বনাথ দত্ত
বিকাশ দাস
বিদ্যুৎ মহন্ত
বিধান পাল
বিভাস রায়
বীরেশ চন্দ্র গোস্বামী
বংকু মালী
বাদশা গুহ
বিভূতোষ ব্রহ্ম
বেনু মুনশী
বালিয়া হেমব্রম
বীথি সরকার
বন্দনা মজুমদার
বিপ্লব সাহা
বিশ্বনাথ হালদার
বিকাশ সাহা
ভূদেব দত্ত
ভাস্কর মজুমদার
ভূপেন মজুমদার
ভোলা মুখোপাধ্যায়
মোম ভট্টাচার্য
মমতা চট্টোপাধ্যায়
মানসী ভৌমিক
মমিতা দাস
মহুয়া দত্ত
মন্টু হালদার
মৌমিতা সমাজদার
মিলন সরকার
মধুমিতা সরকার
মিলন চৌধুরী
মুনমুন বসাক
মৈত্রী দে
মাধুরী বরগাঁও
মনোজ মজুমদার
মানব গুহ রায়
মিতা সেন
মনীন্দ্র কুমার নট্ট
মীনা মুখোপাধ্যায়
রণদা প্রসাদ সাহা
রণজিত কুমার দে
রতন নাগ
রতন ঘোষ
রানা রায়
রামচন্দ্র রায়
রঞ্জন দত্ত
রজত চক্রবর্তী
রমা তালুকদার
রীতা দত্তগুপ্ত
রীনা সেন
রাখী বিশ্বাস
রত্না সেন
রাজা গোস্বামী
রানা রায়
লক্ষ্মী রায়
লিপি ঘোষ
শান্তনু গাঙ্গুলী
শুভ্রাংশু শেখর মৈত্র
শংকর চক্রবর্তী
শংকর মালী
শান্ত শীল
শান্তশ্রী মজুমদার
শুভ ভট্টাচার্য
শ্রীবাস সাহা

শুক্লা গাঙ্গুলী
শিউলী সিংহরায়
শর্মিলা বিশ্বাস
শ্রীতমা রায়
শ্রেয়সী ভৌমিক
সব্রত দেব
সুভাষ চট্টোপাধ্যায়
সূর্য চক্রবর্ত্তী
সুকুমার সেন
সুধন ভট্টাচার্য
সুধীর কুমার ঘোষ
সুপ্রিয় মজুমদার
সত্য গোপাল মজুমদার
সমীর চৌধুরী
সুনীল কুমার মহন্ত
সুজিত মুনশী
সাধন মজুমদার
সঞ্জয় ঘোষ
সুকমল নাথ
সত্য মালী
সায়ন্তন সেন
সমীর রায়
সুপ্রভা ঘোষ*
সঞ্জীব বাগচী
সুবোধ রায়
সান্ত্বনা গুহ
সুষমা ভৌমিক
সুপ্রিয়া সরকার
সোনালী সাহা
সৃজিতা গোস্বামী
স্মৃতিকণা দাস (সোনা)
স্মৃতিকণা দাস (বুড়ি)
সুপর্ণা ভট্টাচার্য
সংঘমিত্রা রুদ্র
স্বাতী চৌধুরী
সুজাতা সিংহ
সুনীত ঘোষ
সুবাস সরকার
সুমনা গুহ রায়
স্বপন দত্ত
হরি হালদার
হরি মোহন কুন্ডু
হারাণ মজুমদার
ত্রিদীব বসু
*(আজীবন মাননীয় আমন্ত্রিত সদস্যা)

২০০৮ সাল পর্যন্ত ত্রিতীর্থ প্রযোজিত/অভিনীত নাটকের তালিকা

নাটকের নাম	নাটককার / রূপান্তর	প্রথম মঞ্চায়ন	মোট অভিনয় রজনী
১। পুতুল খেলা	ইবসেন / শম্ভু মিত্র	২৭.০৯.১৯৬৯	৩
২। বৃষ্টি বৃষ্টি	রিচার্ড ন্যাস / অসিত দে	২৯.১২.১৯৬৯	২
৩। এবং ইন্দ্রজিৎ	বাদল সরকার	৩১.০১.১৯৭০	৪
৪। প্রতিদিনের নায়ক (একাঙ্ক)	পার্থপ্রতিম বক্সী	১১.০১.১৯৭০	১
৫। অমৃতস্য পুত্রাঃ	রতন কুমার ঘোষ	১৯.০২.১৯৭০	৪
৬। বিশে জুন	বীরু মুখোপাধ্যায়	১২.০৪.১৯৭০	৩
৭। শের আফগান	পিরানদেল্লো / অজিতেশ বন্দ্যোপাধ্যায়	২৩.০৫.১৯৭০	১২

নাটকের নাম	নাটককার / রূপান্তর	প্রথম মঞ্চায়ন	মোট অভিনয় রজনী
৮। রাজযোটক	চেকভ / রমেন লাহিড়ী	২৭.০৯.১৯৭০	২
৯। নাট্যকারের সন্ধানে			
ছ'টি চরিত্র	পিরানদেল্লো /		
	রুদ্রপ্রসাদ সেনগুপ্ত	০৩.১০.১৯৭০	১৫
১০। বিজ্ঞাপন	জগমোহন মজুমদার	০৬.১২.১৯৭০	২২
১১। করুণা কোর না	জগমোহন মজুমদার	০৪.০৪.১৯৭১	২
১২। সঙ্কট (একাঙ্ক)	হিমাংশু চট্টোপাধ্যায়	১৩.০৬.১৯৭১	২
১৩। চোখের আলো			
(একাঙ্ক)	সুরজিৎ বসু	১৩.০৬.১৯৭১	২
১৪। ছুটির খেলা	মিখাইল সেবেস্তাইন /		
	অমিতা রায়	০৪.০৯.১৯৭১	৭
১৫। মঞ্জরী নামের			
মঞ্জরী	চেকভ / অজিতেশ বন্দ্যোপাধ্যায়	১৫.০১.১৯৭২	১০
১৬। তিন বিজ্ঞানী	ডুরেনম্যাট /		
	নীহার ভট্টাচার্য	০২.০৯.১৯৭২	৩৩
১৭। ভাঙা পট	হাইনরিখ ক্লাইস্ট /		
	নীহার ভট্টাচার্য	১৫.০৯.১৯৭২	৪৬
১৮। দেবীগর্জন	বিজন ভট্টাচার্য	২৫.০৮.১৯৭৩	১০২
১৯। শিশু পাল	নির্মলেন্দু তালুকদার ও		
	হরিমাধব মুখোপাধ্যায়	১৮.০৫.১৯৭৪	২৪
২০। মঙ্গলাচরণের বিবাহ			
	ব্রেখট / নীহার ভট্টাচার্য	১৫.১০.১৯৭৪	৬
২১। বহুরূপী (একাঙ্ক)	শুভ্রাংশু মৈত্র সূত্র ঃ		
	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	০৯.০৩.১৯৭৫	১
২২। বন্দী সম্রাট	শুভ্রাংশু মৈত্র	১৮.০৪.১৯৭৬	৪
২৩। নতুন আলো			
(বেতার নাটক)	সত্যরঞ্জন তালুকদার	০২.০৮.১৯৭৬	——
২৪। বল্লভপুরের			
রূপকথা	বাদল সরকার	০৮.০৮.১৯৭৬	২৮
২৫। কর্ণকুন্তী সংলাপ	বিমল কর	০৪.১২.১৯৭৬	৫
২৬। পরবাস	মনোজ মিত্র	০৯.১০.১৯৭৭	৭

নাটকের নাম	নাটককার / রূপান্তর	প্রথম মঞ্চায়ন	মোট অভিনয় রজনী
২৭। পঁচিশ পঁচাত্তর			
(বেতার নাটক)	হরিমাধব মুখোপাধ্যায়	০৭.০৪.১৯৭৮	——
২৮। গ্যালিলেও	ব্রেখট / নীহার ভট্টাচার্য ও		
	সুভাষ চট্টোপাধ্যায়	২৭.০৯.১৯৭৮	২০
২৯। ক্ষুরস্য ধারা	সুভাষ চট্টোপাধ্যায় সূত্র ঃ		
	এ্যালবেয়ার কাম্যু	০৪.১০.১৯৭৯	৩
৩০। জল	মহাশ্বেতা দেবী ও		
	হরিমাধব মুখোপাধ্যায়	২৪.০২.১৯৮০	৪৭
৩১। তুঘলক	গিরিশ কারনাড /		
	চিত্তরঞ্জন ঘোষ	১৬.০৭.১৯৮২	১১
৩২। দেবাংশী	হরিমাধব মুখোপাধ্যায় সূত্র ঃ		
	অভিজিৎ সেন	১৩.১১.১৯৮৩	৬১
৩৩। ওম্ (একাঙ্ক)	নির্মলেন্দু তালুকদার	২৬.০৮.১৯৮৪	১
৩৪। কচি সংসদ	শুভ্রাংশু মৈত্র সূত্র ঃ		
	পরশুরাম	২৬.০৮.১৯৮৫	১
৩৫। বিছন (হিন্দী)	হরিমাধব মুখোপাধ্যায় সূত্র ঃ		
	মহাশ্বেতা দেবী	২৪.১১.১৯৮৫	৩৪
৩৬। কেমনে তারে			
মিছে বলা যায়	বার্নার্ড শ /		
	শুভ্রাংশু মৈত্র	২৬.০৮.১৯৮৬	১
৩৭। চিরকুমার সভা	রবীন্দ্র নাথ ঠাকুর	১৭.০৩.১৯৮৮	২২
৩৮। মন্ত্রশক্তি	হরিমাধব মুখোপাধ্যায় সূত্র ঃ		
	স্বর্ণকমল ভট্টাচার্য	০৩.০৪.১৯৮৮	২২
৩৯। অনিকেত	হরিমাধব মুখোপাধ্যায় সূত্র ঃ		
	আশাপূর্ণা দেবী	২৫.০৪.১৯৯০	২৪
৪০। ঠাকুরদা	নির্মলেন্দু তালুকদার ও		
	হরিমাধব মুখোপাধ্যায়	২৬.০৮.১৯৯০	২
	সূত্র: রবীন্দ্রনাথ ঠাকুর		
৪১। বিপুলৌষধি	হরিমাধব মুখোপাধ্যায়		
	সূত্র ঃ পরশুরাম	২৬.০৮.১৯৯১	৭
৪২। অর্থম-অনর্থম	শুভ্রাংশু মৈত্র সূত্র ঃ		
	শরদিন্দু বন্দ্যোপাধ্যায়	২৬.০৮.১৯৯২	১০

নাটকের নাম	নাটককার / রূপান্তর	প্রথম মঞ্চায়ন	মোট অভিনয় রজনী
৪৩। বোধোদয় (শিশুদের দ্বারা অভিনীত)	হরিমাধব মুখোপাধ্যায়	২২.০৪.১৯৯৩	৬
৪৪। উপলব্ধি (একাঙ্ক)	হরিমাধব মুখোপাধ্যায়	২৬.৮.১৯৯৫	-
৪৫। পণন	হরিমাধব মুখোপাধ্যায় সূত্র: শীর্ষেন্দু মুখোপাধ্যায়	১৭.৬.১৯৯৬	-
৪৬। অন্তর্ধান	হরিমাধব মুখোপাধ্যায়	১০.০৪.১৯৯৭	-
৪৭। পত্রশুদ্ধি (প্রথমে একাঙ্ক পরে পূর্ণাঙ্ক)	হরিমাধব মুখোপাধ্যায়	২৬.০৮.১৯৯৯	-
৪৮। মাতৃতান্ত্রিক	হরিমাধব মুখোপাধ্যায়	০৫.০৩.২০০০	-
৪৯। প্রপন্না	হরিমাধব মুখোপাধ্যায়	২৬.৮.২০০০	-
৫০।উত্তরণ	-	২৬.০৮.২০০১	-
৫১। চৌর্যপদ (একাঙ্ক)	---	২৬.০৮.২০০২	-
৫২। আক্কেল সেলামী (একাঙ্ক)	হরিমাধব মুখোপাধ্যায়	২৬.০৮.২০০৩	-
৫৩। অসমাপিকা	হরিমাধব মুখোপাধ্যায়	১০.০৯.২০০৩	-
৫৪। লুকোচুরি	হরিমাধব মুখোপাধ্যায়	২৬.০৮.২০০৪	-
৫৫।অন্যমনস্ক চোর একাঙ্ক	হরিমাধব মুখোপাধ্যায়	২৬.০৮.২০০৫	-
৫৬। করকুহুক	হরিমাধব মুখোপাধ্যায় রূপান্তরিত	২২.০৮.২০০৬	-
৫৭। যদি এমন হতো (একাঙ্ক)	হরিমাধব মুখোপাধ্যায়	২৬.০৮.২০০৭	
৫৮। সরল অঙ্ক	মোহিত চট্টোপাধ্যায়	১৬.০৮.২০০৮	

ত্রিতীর্থ প্রযোজিত বিশেষ বিশেষ কয়েকটি নাটকের সমালোচনা ও বর্ণিত নাটকগুলির প্রথম অভিনয় রজনীর চরিত্র লিপি দেওয়া হল-

অমৃতস্য পুত্রা:

রচনা - রতন কুমার ঘোষ
পরিচালনা - হরিমাধব মুখোপাধ্যায়
সময় - ১৯.২.১৯৭০
মোট অভিনয় রজনী - ৪

চরিত্রলিপিঃ

আদিপুরুষ	-	ভোলা মুখার্জী
আদিনারী	-	চয়নিকা গুহ
সনাতন	-	অমিতাভ সেনগুপ্ত
সজ্জন	-	হরিমাধব মুখোপাধ্যায়
অধ্যাপক	-	কানাই দত্ত
রমনীমোহন	-	শান্তি গুহ
পুলিশ কনস্টেবল	-	সুধন ভট্টাচার্য
বিদ্যুৎ	-	অজিত দে
চানাচুর ওয়ালা	-	ব্রজবল্লভ সাহা
তরুণ	-	সুধীর দে
অজিত	-	সুনির্মল সরকার
পুরোহিত	-	ধীরেন ঘোষ
বনোয়ারী লাল	-	প্রভাস সমাজদার
মিত্তির মশাই	-	সত্যরঞ্জন তালুকদার
পুলিশ ইন্সপেক্টর	-	পঙ্কজ বিশ্বাস
পুলিশ কনস্টেবল (২)	-	সনৎ রায় চৌধুরী
কবিতা	-	দীপিকা সেন গুপ্ত
শিবানী	-	রীতা দত্ত গুপ্তা
জনৈক নারী	-	সান্তনা গুহ
পথচারী মহিলা	-	পুস্প সমাজদার

<u>নাটক-তিন বিজ্ঞানী</u>

মূল নাটক	-	ডুরেন ম্যাট
অনুবাদ	-	নীহার ভট্টাচার্য
পরিচালক	-	হরিমাধব মুখোপাধ্যায়
সময়	-	০২/০৯/১৯৭২
মঞ্চ	-	অবিনাশ দত্ত, পঙ্কজ বিশ্বাস, অর্দ্ধেন্দু সরকার, সুনির্মল সরকার, গৌতম সেনগুপ্ত, বিশ্বনাথ মহন্ত, প্রভাস সমাজদার
আলো	-	কাজল সরকার, পরেশ দত্ত
আবহসঙ্গীত ও শব্দক্ষেপণ	-	মানিক দত্তগুপ্ত
অভিনয় রজনী	-	৩৩

চরিত্র লিপি

মৃত ইরা সরকার	-	অজিতা দাস
রতন বোস	-	প্রভাস সমাজদার
পুলিশ ইন্সপেক্টর	-	স্বপন রায়
পুলিশ কনস্টেবল (২জন)	-	সুবর্ণ ভট্টাচার্য ও ভূদেব দত্ত
মেট্রন মজুমদার	-	চয়নিকা গুহ
নিউটন	-	হরিমাধব মুখোপাধ্যায়
মিসেস মফিস	-	পুষ্প সমাজদার
অইনস্টাইন	-	কল্যান ব্যানার্জী
মনিরুল	-	সঞ্জয়
আইনুল	-	টুকাই
ওবাইদুল	-	টুটুন
মি. রোজ	-	কানাই দত্ত
মফিজ	-	অমিতাভ সেনগুপ্ত
নার্স মনিকা চ্যাটার্জী	-	রীতা দত্তগুপ্তা
সুভগ সিং	-	অবিনাশ দত্ত
মহিদর লাল	-	কাঞ্চন মুখার্জী

১৯৭২, সেপ্টেম্বর মাসে ম্যাকসমূলার ভবন আয়োজিত কলকাতার কলামন্দিরে ৭দিন ব্যাপী জার্মান নাট্যোৎসব হয়েছিল। ৫টি জার্মান নাটকের সাতটি অভিনয় ছিল উৎসবের প্রাণ। ৫টি নাটকের মধ্যে ত্রিতীর্থের ছিল নাটক 'তিনবিজ্ঞানী' (ফিজিস্স্ট) এবং 'ভাঙ্গাপট' (ব্রোকেন জাক)।ড্যুরেনমাটের 'দ্য ফিজিসিস্ট' অবলম্বনে প্রায় রূপকধর্মী নাটক 'তিনবিজ্ঞানী'তে জ্ঞান এবং অশুভ শক্তির দ্বান্দ্বিক কাহিনিকে ত্রিতীর্থ হাজির করেছেন। জার্মান নাট্যোৎসব দ্বিতীয় দিনে (২৪শে স্পেটম্বর) অখ্যাত গেয়ো একটি দলের অভিনয় আসরে দর্শক সংখ্যা হাতে গোনা ছিল। ''কিন্তু ত্রিতীর্থের তিন বিজ্ঞানী ওই কিছু দর্শককে মন্ত্রমুগ্ধ করে রেখেছিল। প্রায় আড়াই ঘন্টার নাটকে বিরতি একবার। ওই সময়েই গুঞ্জন উঠল। প্রায় সকলে এক বাক্যে সাধুবাদ জানাচ্ছিলেন। নাটক প্রযোজনার প্রধান শর্তগুলি কী, অভিনয়ে কোন অঙ্গের কতটুকু ভূমিকা দরকার তা ছিল ওদের নখদর্পনে না হলে ফিজিসিস্টের মত একটি কঠিন নাট্যবস্তুকে ও'রা এমন নিখুঁত ভাবে উপহার দিতে পারতো না। সবচেয়ে ভালো লাগলো অসামান্য দলগত সমন্বয়। পরিচালক অভিনেতা হরিমাধব মুখোপাধ্যায় নিশ্চয় এর সকল কৃতিত্ব টুকু দাবি করতে পারেন। অমিতাভ সেনগুপ্ত, হরিমাধব নিজে এবং সাধন মজুমদার

তিন বিজ্ঞানীর তিনটি ভিন্নধর্মী চরিত্র অঙ্কনে অতুলনীয় দক্ষতার পরিচয় দিয়েছেন।''[৪]

'তিন বিজ্ঞানী'র বিষয় সম্পর্কে 'আজকাল' লিখলো- ''স্থান কালের সামান্য প্রকারভেদে নাটকটিতে করে তোলা হয়েছে ভারতীয়। এ কাজে এ নাটক কতটা সফল সে ব্যাপারে মতভেদ থাকতে পারে কিন্তু নাটকের মূল বক্তব্য তাতে ব্যাহত হয়নি। মানুষের স্ববিরোধীতায় এ নাটকের কেন্দ্রীয় ভাব। অ্যাটম বোমার সৃষ্টি ও স্রষ্টার তাকে মেনে নিতে না পারা দিয়ে নাটকের সংঘাত তৈরি হয়েছে। এই টানাপোড়েনের নাটকে প্রথম অংশে প্রায় রহস্য নাটকের পর্যায়ে নিয়ে গিয়েছে।''[৫]

নাটক-ভাঙ্গাপট

মূল নাটক	-	হাইনরিক ভন ফ্লাইস্ট
অনুবাদ	-	নীহার ভট্টাচার্য
আঞ্চলিক ভাষায়		
রূপান্তর	-	সত্যরঞ্জন তালুকদার ও শান্তিরঞ্জন গুহ
সময়	-	১৫/০৯/১৯৯২
মঞ্চ	-	পংকজ বিশ্বাস, অবিনাশ দত্ত, গৌতম সেন, প্রভাস সমাজদার ও অর্ধেন্দু সরকার
আলো	-	কাজল সরকার
রূপসজ্জা	-	নালু পাল
মোট রজনী	-	৪৬

চরিত্রলিপি

মনুমোড়ল	-	শান্তিরঞ্জন গুহ
আলো মাষ্টার	-	সত্যরঞ্জন গুহ
আর্দালী	-	যতীন ভৌমিক
আকালু	-	অবিনাশ দত্ত
সার্কেল অফিসার	-	ধীরেন ঘোষ
পালানু	-	ব্রজবল্লভ সাহা
ভোলা	-	প্রভাস সমাজদার
রূপা	-	ভূদেব দত্ত
লগ্নী	-	অজিতা দাস
মতির মা	-	চয়নিকা গুহরায়
ইতু	-	রীতা দত্তগুপ্ত
কুসুম	-	পুস্প সমাজদার

১৯৭২ সালের ২৭শে সেপ্টেম্বর কলামন্দিরে (কলকাতা) ভাঙ্গাপটের অভিনয়ের পর দর্শক মহলে সারা পড়ে যায়। দেশ পত্রিকা থেকে জানা যায় - ‘‘কলামন্দিরে ওই দিন একটি আসনও বুঝি খালি ছিল না। উত্তরবঙ্গের অধিবাসীদের কথ্য ভাষায় নাটকটির অঙ্গশোভিত। আরম্ভ থেকেই ওই ভাষা কলা মন্দিরের মঞ্চে উত্তরবঙ্গের গ্রামের একটি দৃশ্যপট এবং অভিনয় আমাদের তাক ধরে দিয়েছিল। বোঝাই যায়নি কখন নাটকটি শেষ হয়েছে’’।[৬]

জামার্ন নাট্যোৎসবে কলামন্দিরে অভিনীত ‘ভাঙ্গাপট’ প্রযোজনা ত্রিতীর্থের। বলা বাহুল্য-‘‘উৎসবের শ্রেষ্ঠ প্রযোজনা এটি। সুদূর বালুরঘাটের দল ত্রিতীর্থ এসে কলকাতা শহরে এসে সত্যি বুঝি ম্যাজিক দেখিয়ে গেল।’’[৭]

‘ভাঙ্গাপট’ নাটকে ব্যবহৃত হয়েছে উত্তরবঙ্গের কথ্য ভাষা যা ‘বাহে’ ভাষা নামে পরিচিত। ‘বাহে’ ডায়লেক্টে বিবৃত এ নাটকে কোথাও জার্মান মনেই হয় না। মোড়লা কেন্দ্রিক গ্রাম্য বিচার ব্যবস্থার হাস্যকর অবস্থাটি আদ্যন্ত হাসির নাটক হিসেবেই দেখানো হয়েছে অথচ কোথাও কোন স্থূল রসিকতা নেই। এ নাটকে প্রতি মুহূর্তে ভয়ছিল মাত্রাধিক্যের এবং তাহলেই এর রস নষ্ট হত। কিন্তু আশ্চর্য দলগত অভিনয়তো এমনই প্রতিটি বিন্দুতে উতরে গেছে যে করার কিছু থাকে না। কেবল মুগ্ধ হওয়া ছাড়া।

নাটক-দেবীগর্জন

নাটক	-	বিজন ভট্টাচার্য
নির্দেশনা	-	হরিমাধব মুখোপাধ্যায়
সময়	-	২৫/০৮/১৯৭৩
সঙ্গীত	-	হরিমাধব মুখোপাধ্যায়
সঙ্গীত আয়োজন	-	কান্তি চক্রবর্তী, অমূল্য মালি
আবহ প্রক্ষেপণ	-	মানস সেন
সুর	-	জ্ঞানেশ রায়
মঞ্চ পরিকল্পনা	-	হরিমাধব মুখোপাধ্যায়
আলো	-	সুনির্মল সরকার
স্লাইড প্রক্ষেপণ	-	শুভ্রাংশু মৈত্র
স্লাইড সজ্জা	-	লালু পাল ও কাশী ঘোষাল

চরিত্র লিপি

প্রভঞ্জন	-	হরিমাধব মুখোপাধ্যায়
ত্রিভূবন	-	শান্তিরঞ্জন গুহ
মংলা	-	সাধন মজুমদার
সঞ্চারিয়া	-	কাঞ্চন মুখার্জী

ঘুঘরা - উদয় দাস
ধনাই - প্রভাস সমাজদার
সর্দার - গোবিন্দ তালুকদার
দশরথ - নির্মলেন্দু তালুকদার
ওজনদার দু'জন - পংকজ বিশ্বাস, ভূদেব দত্ত
সরকার - যতীন ভৌমিক
ভাল্লু - গৌতম সেন
জটাধর - রতন ঘোষ
খগেশ্বর - কল্যান ব্যানার্জী
লেদুয়া - ধরেন ঘোষ
দারোয়ান (২জন) - স্বপন রায় ও অরুন দত্ত
দারোয়ান (পাহারাদার)- মন্টু হালদার
সেবাইত - লালু পাল
গিরিবালা - চয়নিকা গুহ
লত্না - সান্তনা গুহ
গ্রামবাসী - ১২জন ছেলে ও ১২ জন মেয়ে
সানাই - অমূল্য মালী
ঢাকবাদন - বঙ্কুমালী, শংকর মালী, মনীন্দ্র নট্ট
মূল গায়েন - পুলক সেন
বহু রূপী - সুদন ভট্টাচার্য
চাষীর ছেলে - অসীম চক্রবর্তী

১৯৭৩ সালে মার্চ মাসে পশ্চিম দিনাজপুরের জেলায় বাংলা সাধারণ নাট্যশালা শতবর্ষ পূর্তি উৎসব অনুষ্ঠানে বিজন ভট্টাচার্য, প্রবোধ বন্ধু অধিকারী, সন্তোষ কুমার ঘোষ, নাটককার মন্মথ রায় পশ্চিম দিনাজপুরে এসেছিলেন। ত্রিতীর্থের নাট্যযজ্ঞ দেখে বিজন ভট্টাচার্য বড় খুশি হন। 'দেবীগর্জন' (বিজন ভট্ট াচার্য) মঞ্চায়নের মধ্য দিয়ে ত্রিতীর্থ প্রবেশ করে নতুন নাট্য প্রযোজনার নতুনত্ব আঙ্গিক কলায়। আলোক সম্পাতে, নেপথ্যে সঙ্গীতে, দৃশ্য পরিচালনায়, অভিনয় কলায়, মঞ্চনির্মিতিতে ত্রিতীর্থ দেবীগর্জন থেকে নুতন নুতন নাট্য ভাবনায় উদ্বুদ্ধ হতে থাকে। ''প্রভঞ্জনের চরিত্র নির্মাণে এবং সমগ্র নাটকের উপস্থাপনায় নির্দেশক হরিমাধব মুখোপাধ্যায় নির্দ্বিধ আত্ম বিশাসীর ভূমিকায়। ভাবতে ভাল লাগে, এদেশে এখনো কোথাও কোন নাট্যগোষ্ঠী তাঁদের শিল্পবোধের অহং এর চেয়ে অনেক বেশী মর্যাদা দেন গ্রহীতার ভাবনাকে। দর্শকের ভাবনার স্তরকে বুঝে নিয়ে শিল্পের অন্বয় খোঁজেন তন্নিষ্ঠ সাধনায়.. দেবীগর্জন যে এমন একটা সংহত কাঠামো পেয়েছে তার মৌলশক্তি অবশ্যই ছোটবড় বিবিধ চরিত্রের শিল্পীরা''।[৮]

নাটক-বল্লভপুরের রূপকথা

রচনা	-	বাদল সরকার
পরিচালনা	-	হরিমাধব মুখোপাধ্যায়
সময়	-	৮/৮/১৯৭৬
আবহসঙ্গীত	-	হরিমাধব মুখোপাধ্যায়
আবহসঙ্গীত প্রক্ষেপণ	-	রঞ্জিত দে
মঞ্চ	-	অবিনাশ দত্ত
মঞ্চ সহকারী	-	বিশ্বনাথ মহান্ত, উদয় দাস, কমল দাস, বিশ্বনাথ দত্ত
আলো	-	পরেশ সমাজদার
আহার্যিক	-	অর্ধেন্দু সরকার, গৌতম সেন,
রূপসজ্জা	-	বিনয় ভূষণ পাল, শুভ্রাংশু মৈত্র
মোট অভিনয় রজনী	-	২৮

চরিত্রলিপি

ভূপতি	-	কাঞ্চন মুখার্জ্জী
সঞ্জীব	-	রানা রায়
সাহা	-	কানাই দত্ত
শ্রীনাথ	-	যতীন ভৌমিক
পবন	-	সুধন ভট্টাচার্য
মনোহর	-	ধীরেন ঘোষ
হালদার	-	প্রভাস সমাজদার
স্বপ্না	-	পুষ্প সমাজদার
ছন্দা	-	সুবর্ণা ভট্টাচার্য
চৌধুরী	-	অবিনাশ দত্ত

নাটক-গ্যালেলিও

রচনা	-	বের্টোল্ট ব্রেখট
অনুবাদক	-	নীহার ভট্টাচার্য ও সুভাষ চট্টোপাধ্যায়
পরিচালক ও আবহসঙ্গী	-	হরিমাধব মুখোপাধ্যায়
সময়	-	১৯৭৮, ২৭শে সেপ্টেম্বর

দৃশ্য, স্লাইড, পোষাক

ও রূপ সজ্জা পরিকল্পনা	-	শুভ্রাংশু মৈত্র
দৃশ্য ও পোষ্ট নির্মাণ	-	অবিনাশ দত্ত, গৌতম সেনগুপ্ত, তিনু ব্যানার্জী, কমল দাস, যোগেশ ঘোষ (দর্জি)
সুর সংযোজন	-	পুলক সেনগুপ্ত
আবহসংগীত নিয়ন্ত্রণ	-	রণজিৎ দে
রূপসজ্জা	-	নালু পাল, কাশীনাথ ঘোষাল, শুভ্রাংশু মৈত্র
আলো	-	সুনির্মল সরকার, পরেশ সমাজদার, বিকাশ কর্মাকার
প্রেক্ষাগৃহ ব্যবস্থাপনা	-	সুধীর সরকার, মমতা চ্যাটার্জী, পাকু চ্যাটার্জী, পূরবী ঘোষ
কোরাস	-	পুলক সেন গৌতম বিশ্বাস অরূপ নন্দী বিভূতোষ ব্রহ্ম সমীর চৌধুরী সুবাস সরকার গৌতম চক্রবর্তী স্মৃতিকণা দাস

<u>চরিত্র লিপি</u>

গ্যালেলিও	-	শ্রী হরিমাধব মুখোপাধ্যায়
কিউরেটর	-	কানাই দত্ত
স্যাগরাডো	-	কাঞ্চন মুখার্জী
ছোট আন্দ্রেয়া	-	আকাশনীল চট্টোপাধ্যায়
বড় আন্দ্রেয়া	-	তিনু ব্যানার্জী
জ্যোতিষ শাস্ত্রবিদ	-	গৌর ব্যানার্জী
লুজেভিকো	-	গৌতম সেনগুপ্ত
ফুলগান্জেও	-	সাধন মজুমদার

ফ্রেভারজোনি	-	রতন ঘোষ
বার্বেরিনি	-	সুভাষ চট্টোপাধ্যায়
বেলার মিন্	-	ছানা গুহ
ক্রীস্টোফার ক্লাডিউস	-	অবিনাশ দত্ত
অঙ্ক শাস্ত্রবিদ	-	প্রভাস সমাজদার
দার্শনিক	-	জীবন কানাই মুখোপাধ্যায়
ডগে	-	স্বপন রায়
ভান্নি	-	বাবলু রায়
ছোট কসমো	-	পিনাকী তালুকদার
বড় কসমো	-	অরুণেশ ব্যানার্জী
সেনার মিঙ্কো	-	উদয় দাস
ঘোষক	-	উদয় দাস
কার্ডিনানোর ক্লার্ক	-	যতীন ভৌমিক
		দেবাশীষ বিশ্বাস
কসমোর পারিষদ	-	উদয় দাস
কার্ডিনাম ইন লুইনিটর	-	শুভ্রাংশু মৈত্র
সার্তি	-	চয়নিকা গুহ রায়
ভার্জিনিয়া	-	মৌমিতা সমাজদার
ঐ মেয়ে	-	অশ্রুকণা দেব
গায়ক	-	সুবাস গুহরায়
গায়িকা	-	তাপসী ভৌমিক

এছাড়াও ছিলেন সঙ্ক ১০ জন এবং সেন্সার দৃশ্যে ২৪ জন চিরত্র।

ব্রেখটের 'গ্যালিলেও' নাটকটি পশ্চিমবঙ্গে তথা ভারতবর্ষের রঙ্গমঞ্চে সর্বপ্রথম 'ত্রিতীর্থ' নাট্য সংস্থা মঞ্চস্থ করে। 'গ্যালিলেও' প্রথম অভিনয় হয় ২৭শে সেপ্টেম্বর ১৯৭৮। ১৯৭৮ সালে ম্যাক্সমুলার ভবন (কলকাতা) নাটককার বের্টোল্ট ব্রেখটের আশি বছর পূর্তি উৎসব ত্রিতীর্থকে 'গ্যালিলেও' নাটকটি মঞ্চস্থ করার জন্য অনুরোধ করেন এবং এই নাটকের প্রযোজনার ব্যায়ও ম্যাক্সমুলার ভবন বহন করেন। ত্রিতীর্থ তার নিজস্ব মঞ্চে ১৯৭৮ সালে ২৭শে সেপ্টেম্বর অভিনয় করে। ৩০ শে সেপ্টেম্বর কলকাতার ম্যাক্সমুলার ভবনের ব্যবস্থাপনায় 'গ্যালিলেও' অভিনয় করবে বলে ঠিক ছিল কিন্তু দক্ষিণ বঙ্গে বিধ্বংসী বন্যার ফলে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এর ফলে সে সময় ত্রিতীর্থ কোনো মতেই মঞ্চস্থ করতে পারেনি। ''নানা বাধা বিপত্তির জন্য আমরা 'গ্যালিলেও' নাটকটি

কলকাতার দর্শকের সামনে ১৯৮২-র আগে দেখাতে পারিনি। কিন্তু আমরা বালুরঘাটে আমাদের নিজস্ব মঞ্চে নিয়মিত অভিনয় করেছি এর মধ্যে কলকাতারও দুটি দল ব্রেশটের গ্যালিলেও মঞ্চস্থ করে। কিন্তু ত্রিতীর্থ তাঁদের নিজস্ব মঞ্চে গ্রুপ থিয়েটার হিসাবে সর্বপ্রথম গ্যালিলেও মঞ্চস্থ করার কৃতিত্ব সঙ্গত কারণেই দাবি করতে পারে''[৯]।

